

**স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে
হটলাইন নম্বর হিসাবে প্রদত্ত সিম ব্যবহার নীতিমালা:**

- ১। প্রদত্ত নম্বরগুলো পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কেবল স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য হটলাইন সেবা/পোস্টপেইড হ্যান্ডিং নম্বর হিসেবে ব্যবহৃত হবে।
- ২। জনগণের অবগতির জন্য নম্বরসমূহ স্ব স্ব কেন্দ্রের দৃশ্যমান স্থানে আবশ্যিকভাবে প্রদর্শন করতে হবে। ওয়েবসাইট, সামাজিক যোগাযোগ মাধ্যম, ক্যাবল চ্যানেল, স্থানীয় দৈনিক ইত্যাদি মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করা হবে। এছাড়াও বিলবোর্ড, পোস্টার, লিফলেটের মাধ্যমে বিভিন্ন সমাগমস্থলে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
- ৩। ২৪/৭ (সার্বক্ষণিক) পরিবার পরিকল্পনা, স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত যাবতীয় তথ্য ও পরামর্শ সেবা প্রদানের লক্ষ্যে নম্বরগুলো ব্যবহার করা হবে।
- ৪। গর্ভবতী/প্রসূতি মাকে প্রদত্ত প্রসবপূর্ব সেবা (ANC) কার্ডসহ সকল কার্ডে নম্বরটি আবশ্যিক লিপিবদ্ধ করতে হবে।
- ৫। জনসাধারণের সহজ অবগতি ও ব্যবস্থাপনা সুবিধার উদ্দেশ্যে একই সিরিজের নম্বর প্রদান করা হবে।
- ৬। নম্বরগুলোতে মূলত ভয়েস কল (voice call) ও টেক্সট মেসেজ (text message) গ্রহণ ও প্রেরণ করা হবে। জরুরি প্রয়োজন হলে সেবাগ্রহীতা/সেবার সংগে সম্পৃক্ত ব্যক্তিকে কল করা বা টেক্সট পাঠানো যাবে।
- ৭। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নম্বরগুলো ২৪/৭ ভিত্তিতে চালু রাখার ব্যবস্থা করবেন। রোস্টার ডিউটির বেলায় যিনি যে সময় দায়িত্বে থাকবেন তার কাছে ফোনসেট থাকবে।
- ৮। এমআইএস ইউনিটের ওপি থেকে প্রত্যেকটি স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য একটি করে হ্যান্ডসেট ক্রয়ের জন্য ইতোমধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে।
- ৯। নম্বরগুলো ব্যবহারের জন্য এমআইএস ইউনিট থেকে মাসিক ভিত্তিতে অর্থ বরাদ্দ দেয়া হবে। অর্থ ব্যয় সংক্রান্ত নির্দেশনা বরাদ্দপত্রে প্রদান করা হবে।
- ১০। নম্বরসমূহ কেন্দ্রের দৃশ্যমান স্থানে প্রদর্শন করে এর ছবিসহ নম্বরসমূহ প্রচারের জন্য কী কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা অবহিত করে আগামী ১২ ফেব্রুয়ারি/২৩ তারিখের মধ্যে dirmisfp@gmail.com ঠিকানায় ই-মেইল প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১১। এ সংক্রান্ত যাবতীয় তথ্য ও সহযোগিতার জন্য প্রয়োজনে যোগাযোগ করুনঃ

(১) জনাব মোহাম্মদ আব্দুর রহিম, পিএএ
পরিবার পরিকল্পনা কর্মকর্তা, এমআইএস, ইউনিট
ফোন নম্বরঃ 01715796959

(২) জনাব মেহবুব মোর্শেদ
প্রোগ্রাম ম্যানেজার, এমআইএস ইউনিট
ফোন নম্বরঃ 01711069992

31.01.2023

